গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.explosives.gov.bd

নম্বর: ২৮.০৮.০০০০.০০১.০৭.৩১৪.২৩/৮৪৩৮ তারিখ: ৩০/১০/২০২৩ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিস্ফোরক পরিদপ্তরের রাজস্ব খাতভুক্ত আট (০৮) ক্যাটাগরীর চৌদ্দটি (১৪টি) শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে doexp.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নম্বর | পদের নাম | সর্বোচ্চ বয়সসীমা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কারিগরী সহকারী | ৩০ বছর | টাকা ১১৩০০-২৭৩০০ গ্রেড-১২ | ০৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে পদার্থ বিজ্ঞান বা রসায়নশাস্ত্রসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নওগাঁ, রংপুর, গাইবান্ধা, যশোর, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি<br>**(সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন)** |
| ০২ | হিসাবরক্ষক | ৩০ বছর | টাকা ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ০৩ | কম্পিউটার অপারেটর | ৩০ বছর | টাকা ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৪ | সাঁটলিপিকার/ ব্যক্তিগত সহকারী | ৩০ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | টাকা ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। সাঁটলিপিতে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৫০ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৮০ শব্দ। | |
| ০৫ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | টাকা ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। সাঁটলিপিতে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৫০ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৮০ শব্দ। | |
| ০৬ | উচ্চমান সহকারী | ৩০ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | টাকা ১০২০০-২৪৬৮০ গ্রেড- ১৪ | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | |
| ০৭ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ৩০ বছর | টাকা ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | ০৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ০৮ | অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | টাকা ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | ০২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

(১) বয়সসীমা (Age limit): ০১/১১/২০২৩ তারিখে বয়স-
(ক) সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর;
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;

(২) সরকারি/আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। বিস্ফোরক পরিদপ্তরে চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তী এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৫) বিজ্ঞাপনে উল্লিখিত পদসমূহে একাধিক পদের পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি, কোটার সমর্থনে যাবতীয় প্রমাণক প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরমসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ,

জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যাতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(৭) প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়-এর ওয়েবসাইট (www.explosives.gov.bd)-এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

(৮) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(৯) আবেদনকারী যদি কোনো তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্যকোনো বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

(১০) চূড়ান্তভাবে নির্বাচিত/বাছাইকৃত প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তাঁর পূর্ব-কার্যকলাপ যাচাই ও স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে চাকরিতে নিয়োগ দেয়া হবে।

(১১) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে প্রার্থীদের পরীক্ষা গ্রহণে/নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।

(১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৩) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http:/doexp.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পুরন করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১১/২০২৩ খ্রিঃ, সকাল-১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/১১/২০২৩ খ্রিঃ, বিকাল-০৪:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ নম্বর ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৫/- (পঁয়ত্রিশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং ০২-০৮ নম্বর ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না" ।

প্রথম SMS: DOEXP<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DOEXP ABCDEF

Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DOEXP<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DOEXP<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DOEXP 12345678

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন;

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DOEXP Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/doexp.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে:

DOEXP<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: DOEXP Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে:

DOEXP<space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222
Example: DOEXP Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd অথবা moniraexp@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ f~ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DOEXP, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিস্ফোরক পরিদপ্তর এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.explosives.gov.bd বা https://alljobs.bdTeletalk.com.bd/doexp) দেখা যাবে অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশ একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

ঠ. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

ড. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রধান বিস্ফোরক পরিদর্শক

জি-২২১২/২৩ (১২.৫x৮)